

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪৬৫  
খোয়াই, ৪ জানুয়ারি, ২০২৪

### খোয়াই মহকুমায় নূন্যতম সহায়ক মূল্যে ধান ক্রয়

খোয়াই মহকুমায় কৃষকদের কাছ থেকে নূন্যতম সহায়ক মূল্যে ধান ক্রয়ের কাজ গত ২ জানুয়ারি শেষ হয়েছে। খোয়াইয়ের অফিসটিলাস্থিত সরকারি ফুড গোডাউনে মহকুমার ২১৩ জন কৃষকের কাছ থেকে মোট ৩০৭ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে। প্রতি কুইন্টাল ধান ২,১৮৩ টাকা দরে ক্রয় করা হয়েছে। মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক শ্রীকান্ত নাথ এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*